# উপজেলা পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর এর আগস্ট, ২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ ইসাহাক আলী<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, দিনাজপুর। |
| তারিখ | : | ১৪.০৮.২০২৫ খ্রি. |
| সময় | : | সকাল- ১০:০০ ঘটিকা |

উপস্থিত সদস্যগণের তালিকা : 'ক'
অনুপস্থিত সদস্যগণের তালিকা: 'খ'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। তিনি সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্ব স্ব দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য আহবান জানান। অতঃপর নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে আপাতত কোন সমস্যা নেই। সভায় তিনি আরও জানান যে, চলতি বর্ষা মৌসুমে দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাটগুলি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাগুলি দ্রুত মেরামত/সংস্কার করা প্রয়োজন।<br>জনাব মো: নবীউল ইসলাম, চেয়ারম্যান ০১নং এলুয়াড়ী ইউনিয়ন সভায় জানান যে, ০৯নং ওয়ার্ডের বুদ্রানী গ্রামের তমেজ উদ্দিনের বাড়ী হতে মুরগীর ফার্ম পর্যন্ত রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে এলুয়াড়ী ইউনিয়নের শোলাকুড়ি পশ্চিম পাড়া, পূর্ব পাড়া, লিচুপাড়া, নয়াপাড়া, পানিকাটার দর্গাবাড়ী ও বানাহারসহ ইউনিয়নের অন্যান্য বিভিন্ন রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে, রাস্তাগুলিতে রাবিশ বালু দিয়ে সংস্কার করা প্রয়োজন।<br>তিনি সভায় আরও জানান যে, গনিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশের পাকা রাস্তা হতে বালুপাড়া পর্যন্ত পাকা রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়াও এলুয়াড়ী মুকপড়ি হতে শোলাকুড়ি পাকা রাস্তা পর্যন্ত সংস্কার প্রয়োজন। তিনি আরও জানান যে এলুয়াড়ী ইউনিয়নের বিভিন্ন কাঁচা রাস্তাগুলির বেহাল অবস্থা জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন।<br>জনাব মো: নাসমুশ সাখিল (বাবলু), চেয়ারম্যান ০২ নং আলাদীপুর ইউনিয়ন, সভায় জানান যে, নবীউলের দোকান হতে ইউনিয়ন ভূমি অফিস অভিমুখে রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে আলাদীপুর ইউনিয়নের মেলাবাড়ী, আলাদীপুর, দ: বাসুদেবপুরসহ ইউনিয়নের বিভিন্ন রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাগুলি জরুরীভাবে সংস্কার করা প্রয়োজন।<br>জনাব মো: কাঞ্চন মিয়া, প্যানেল চেয়ারম্যান, ০৩নং কাজিহাল ইউনিয়ন সভায় জানান যে, দাওখালির বাড়ী হতে আমড়া বিওপি ক্যাম্প পর্যন্ত রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে কাজিহাল ইউনিয়নের ঝাঝিরা, বটপাড়া, বাকুড়া, জলশ্বরী, আটপুকুরহাট ও আখিঘোটনা রাস্তাসহ অন্যান্য রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাগুলি রাবিশ বালু দিয়ে সংস্কার করা প্রয়োজন।<br>জনাব মো: আব্দুল মান্নান মন্ডল, প্যানেল চেয়ারম্যান, ০৪নং বেতদিঘী ইউনিয়ন সভায় জানান যে, এনায়েতপুর (বড় নগর) পাকা রাস্তা হতে রফিকের বাড়ী অভিমুখে রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে বেতদিঘী ইউনিয়নের নথন, জামাদানি, বড় নগর, নয়পাড়া, নন্দীগ্রামসহ ইউনিয়নের বিভিন্ন রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাগুলিতে রাবিশ বালু দিয়ে চলাচলের উপযোগী করা প্রয়োজন।<br>জনাব মো: শামীম হোসেন, প্যানেল চেয়ারম্যান, ০৫নং খয়েরবাড়ী ইউনিয়ন সভায় জানান যে, ০৬ নং ওয়ার্ডের সাহাদুলের বাড়ী হতে তাহেরের বাড়ী অভিমুখে রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে উত্তর লক্ষীপুর হতে গাইবান্ধা পাড়া পর্যন্ত, মহদীপুর রাস্তা, খাপটি রাস্তা, কিসমত লালপুর রাস্তা ও বালুপাড়া রাস্তাসহ অন্যান্য চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাগুলি রাবিশ বালু দিয়ে চলাচলের উপযোগী করা প্রয়োজন।<br>জনাব মো: সাইফুল ইসলাম, চেয়ারম্যান, ০৬নং দৌলতপুর ইউনিয়ন সভায় জানান যে, মাহফুজুরের বাড়ী হতে রিপনের বাড়ী অভিমুখে রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে দৌলতপুর ইউনিয়নের পলিপাড়া হতে খয়েরবাড়ী বাজার পর্যন্ত, পশ্চিম জানিপুর, | সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত রাস্তা সিসিকরণগুলি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করা হবে এবং চলতি বর্ষা মৌসুমে চলাচলের অনুপযোগী রাস্তা মেরামতের বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর<br><br>চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বলিভদ্রপুর, দৌলতপুরসহ অন্যান্য রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। দ্রুত সংস্কার করা প্রয়োজন।<br>জনাব মো: হামেদুল ইসলাম, চেয়ারম্যান, ০৭নং শিবনগর ইউনিয়ন সভায় জানান যে, জাফরপুর বড় মসজিদ হতে আবু তালেবের বাড়ী অভিমুখে রাস্তা সিসিকরণ; এছাড়াও জানান যে, চলতি বর্ষা মৌসুমে শিবনগর ইউনিয়নের কাতুরডাঙ্গা, চককবির সপ্রাবি হতে মন্দিরের মোড় পর্যন্ত, বাসুদেবপুর তেলীপাড়া, মধ্যসুলতানপুর রাস্তায় রাবিশ বালু দিয়ে চলাচলের উপযোগী করা প্রয়োজন।<br><br>উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর গত ১০ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৯৬.২৩.৫০ নং স্মারকে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের জন্য পত্র পাওয়া গেছে। প্রাপ্ত পত্রের আলোকে ফুলবাড়ী উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের প্রাক্কলন প্রস্তুতপূর্বক সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা বরাবর প্রেরণের জন্য উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর সভায় আরও জানান যে, উপজেলা প্রশাসন শিশু পার্কের বাউন্ডারীর কাজ বেশ কিছুদিন হলো শেষ হয়েছে। পার্কটিতে কোন রাইড কিংবা ভাস্কর্য না থাকায় পার্কটি মুলত কোন কাজেই আসছে না। পার্কটি ভবিষ্যতে শিশ ও দর্শনার্থীদের জন্য দৃষ্টিনন্দন ও ব্যবহার উপযোগী করতে হলে এখনও অনেক উন্নয়ন কার্যক্রম গ্রহণের সুযোগ আছে। এছাড়াও তিনি আরও জানান যে, শিশু পার্কের ভিতরে দীর্ঘ দিনের পুরাতন ভবনটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। ভবনের বিভিন্ন স্থান ভেঙ্গে পড়েছে এবং ভবনে বিভিন্ন ধরনের গাছ জন্ম নিয়েছে, বিভিন্ন প্রকার পোকা মাকড়, সরীসৃপ জাতীয় প্রাণীরা বাসা বেধেছে। শিশু পার্কের মত একটি গুরুত্বপূর্ণ স্থানে এ ধরনের ভবন খুবই ঝুকিপূর্ণ। তাই ভবনটি কনডেম ঘোষনা করে অপসারণ করা প্রয়োজন।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মত প্রকাশ করেন যে, ফুলবাড়ী উপজেলার শিশুদের জন্য উপযুক্ত কোন পার্ক কিংবা পর্যটন কেন্দ্র না থাকায় এ এলাকার শিশুদের মানসিক বিকাশ মারাত্মকভাবে বাধাগ্রস্থ হচ্ছে। সভায় আরও আলোচনা হয়ে যে, পার্কটি অব্যবহৃত থাকায় এটি ক্ষতিগ্রস্থ হচ্ছে। সার্বিক অবস্থা বিবেচনায় দ্রুততার সাথে উক্ত পার্কটিতে দৃষ্টিনন্দন ভাস্কর্য ও রাইড স্থাপন করে শিশুদের জন্য চিত্তবিনোদনের ও মানসিক বিকাশের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে পার্কটিতে দৃষ্টিনন্দন ভাস্কর্য রাইড স্থাপন করার হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ফুলবাড়ী উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের প্রাক্কলনটি সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসন শিশু পার্কটিতে দ্রুততম সময়ের মধ্যে দৃষ্টিনন্দন ভাস্কর্যও রাইড স্থাপনের জন্য RFQ পদ্ধতিতে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল হতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের শিশু পার্কের ভিতরের ঝুকিপূর্ণ ভবনটি কনডেম ঘোষনা করে অপসারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। রোপা আমনের প্রণোদনা বিতরণ চলমান আছে। সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৩ | প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের চিকিৎসা, ভ্যাক্সিনেশন, সচেতনতা সভা, উঠান বৈঠকসহ সকল কার্যক্রম চলমান আছে।<br><br>প্রতি সপ্তাহের সোমবার ও বুধবার মাঠ পর্যায়ে গবাদি প্রাণির টিকাদান কর্মসূচি চালু করা হয়েছে।<br><br>তিনি আরও জানান যে, ক্ষুদ্র নৃ গোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প হতে বাদ পড়া ক্ষুদ নৃ গোষ্ঠীর নামের তালিকা প্রস্তুত করত: আগামী ২১ আগস্টের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। তাই ১৯ আগস্টের মধ্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে তালিকা দাখিলের জন্য সভায় অনুরোধ করেন।<br><br>প্রতি সপ্তাহের মঙ্গলবার অত্র দপ্তর প্রাঙ্গনে হাঁস-মুরগীর টিকাদান কার্যক্রম চালু করা হয়েছে।<br><br>শিবনগর ইউনিয়ন পরিষদের কৃত্রিম প্রজনন শেড এবং এ আই কার্যক্রমের জন্য প্রয়োজনীয় ট্রাভিস তুলে ফেলা হয়েছে। নতুন করে শেড তৈরী ও ট্রাভিস স্থাপনের জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের আওতায় প্রতি সপ্তাহের সোমবার ও বুধবার মাঠ পর্যায়ে গবাদি প্রাণির টিকাদান কর্মসূচি এবং প্রতি সপ্তাহের মঙ্গলবার হাঁস-মুরগীর টিকাদান কর্মসূচির বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন এবং সকল চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ ক্ষুদ্র নৃ গোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প হতে বাদ পড়া ক্ষুদ নৃ গোষ্ঠীর নামের তালিকা প্রস্তুত করে আগামী ১৯ আগস্টের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান ০৭নং শিবনগর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর কৃত্রিম প্রজনন শেড এবং এ আই কার্যক্রমের ট্রাভিস স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী সভায় জানান যে, গত ১১/০৮/২০২৫ খ্রি. তারিখ হতে ব্যানবেইস কর্তৃক জরিপ কার্যক্রম শিক্ষা প্রতিষ্ঠানে চলমান আছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৭ | মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | ০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী বলেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১০ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। সভায় তিনি জানান যে, ফুলবাড়ী উপজেলায় কুকুরের উপদ্রব বেড়ে গেছে। কুকুরের উপদ্রব রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>সভায় তিনি আরও উপস্থাপন করেন যে, জুলাই শহীদ স্মৃতি আন্তঃউপজেলা ফুটবল টুর্নামেন্ট ২০২৫ এর শুভ উদ্বোধন আগামী ৭ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ দিনাজপুর জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত টুর্নামেন্টে অংশগ্রহণ করার জন্য উপজেলা পর্যায়ে কোন বরাদ্দ না থাকায় জুলাই শহীদ স্মৃতি আন্তঃউপজেলা ফুটবল টুর্নামেন্ট ২০২৫ এ অংশগ্রহণ করার জন্য যাতায়াত, খেলোয়াড়দের আপ্যায়ন, ফুটবল, জার্সিসহ সকল ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য আর্থিক সহযোগিতা কামনা করেন।<br>সভায় তিনি আরও জানান যে, যুব উন্নয়ন অফিসটি উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত। তার দপ্তরের জনবল অনুযায়ী অফিস কক্ষ সংকট। অফিস কক্ষ বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জুলাই শহীদ স্মৃতি আন্তঃউপজেলা ফুটবল টুর্নামেন্ট ২০২৫ এ অংশগ্রহণের সকল ব্যয় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে অফিস কক্ষ ফাঁকা হলে আলোচনা সাপেক্ষে কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর<br><br>উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |
| ১২ | উপজেলা আইসিটি অফিস | সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের কাজ শেষ হয়েছে। সেটা পরিদর্শনসহ এই ভবনের বিদ্যুতের লোড কমানোর জন্য আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর বরাবর আবেদন দেয়া হয়েছে। এছাড়াও ইউডিসি প্রকল্প কর্তৃক ইন্টারনেট কানেকশনের কোন সমস্যা হলে ভেন্ডরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়।<br>সকল ইউনিয়ন পরিষদ ও সকল দপ্তর প্রধানগণ নিজ দায়িত্বে স্ব স্ব ওয়েবপোর্টাল হালনাগাদ করবেন। | ০১। সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৩ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ আগামী ১৮ হতে ২৮ আগস্ট, ২০২৫ উদযাপিত হতে যাচ্ছে। সে প্রেক্ষিতে ফুলবাড়ী উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠান আগামী ১৮ আগস্ট | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী হাট-বাজার নিয়মিত পরিদর্শন করে জাটকা সংরক্ষণ অভিযান পরিচালনা ও নিষিদ্ধ জাল জব্দ অব্যাহত রাখবেন। | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।<br>২০২৫-২০২৬ অর্থবছরের পোনামাছ অবমুক্তির বরাদ্দ পাওয়া গেছে। পোনামাছ অবমুক্তির নির্দেশিকা ২০২৩ মোতাবেক সরকারি খামার থেকে পোনা ক্রয়ের নির্দেশনা রয়েছে। সরকারি খামার পার্বতীপুর থেকে পোনামাছ সরবরাহের সক্ষমতার চিঠি পাওয়া গেছে। জলাশয় বাছাই এর কার্যক্রম চলমান রয়েছে। কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হবে। | জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ এর উদ্বোধন ও আলোচনা সভায় সকলকে উপস্থিত থাকার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | |
| ১৪ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অনগ্রসর ভাতার কার্যক্রম চলমান আছে। চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পে রোল কার্যক্রম চলমান আছে। প্রশাসক, ফুলবাড়ী পৌরসভাসহ ০৭টি ইউনিয়নের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে মৃত্যু পরবর্তী অনলাইন আবেদন থেকে প্রার্থী নির্বাচন করে প্রতিস্থাপন করে তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ মৃত্যু পরবর্তী অনলাইন আবেদন থেকে প্রার্থী নির্বাচন করে প্রতিস্থাপন করে তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৫ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় এলুয়াড়ী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কাঁচা সংযোগ সড়কটি পুকুরপাড়ের ভাঙ্গনের কারণে জরাজীর্ণ ও যাতায়াতের অনুপযোগী হয়ে পড়েছে। অতিদ্রুত যথাযথ ব্যবস্থা না নিলে অত্র কেন্দ্রের সেবাগ্রহীতা কেন্দ্র থেকে সেবা গ্রহণে সমস্যার সম্মুখীন হবে। তাই উক্ত সংযোগ সড়কটি অতি দ্রুত নির্মাণ বা সংস্কার করার জন্য সভায় উপস্থান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এলুয়াড়ী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কাঁচা সংযোগ সড়কটি পুকুরপাড়ের ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৭ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম যথানিয়মে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে সরকারি ভাবে ১০.০০ কি: মি: স্ট্রীপ বনায়নের কার্যক্রম সমাপ্ত করা হয়েছে। ফুলবাড়ী উপজেলায় মোট ৩৬টি করাত কল আছে তার মধ্যে ০৬টি করাত কলের লাইসেন্স আছে বাকী ৩০টি করাত কল অবৈধভাবে পরিচালিত হচ্ছে। তাদের বারবার লাইসেন্স করার জন্য তাগিদ দেয়া হলেও তারা কর্ণপাত করছেন না। অবৈধ করাত কলের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ০১। উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী উপজেলার অবৈধ করাত কলের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | ০১। উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৮ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী এর প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। নতুন ভোটার অন্তর্ভুক্তি, ভোটার স্থানান্তর ও জাতীয় পরিচয় পত্র সংশোধন কার্যক্রম চলমান আছে। | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৯ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২ জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিশেষ ভাবে আনসারদের মৌলিক প্রশিক্ষণ চালু হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী সভায় সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২২ | পল্লী দারিদ্র | উপজেলা সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী জানান যে, | উপজেলা সিনিয়র দারিদ্র বিমোচন | সিনিয়র পল্লী দারিদ্র |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | বিমোচন ফাউন্ডেশন | তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২৩ | নেসকো | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। তিনি ফুলবাড়ী উপজেলার আওতাধীন বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী উপজেলার আওতাধীন সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সকল শিক্ষা প্রতিষ্ঠান সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২৪ | ভৌত ও অবকাঠামো | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থাপন করেন যে, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত চেয়ারম্যান বাংলোটি দীর্ঘদিন ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে থাকায় ভবনটির দরজা, জানালা খুলে পড়তেছে, দেয়াল ও ছাদের প্লাস্টার খুলে পড়ে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। এভাবে ভবনটি পড়ে থাকলে সরকারের এত মূল্যবান ভবনটি এক সময়ে পুরোপুরি ব্যবহার অনুপযোগী হয়ে পড়বে। জরুরীভাবে ভবনটি মেরামত ও সংস্কার করা প্রয়োজন,<br>এছাড়াও তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটিও (পুরাতন) জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে। ভবনটির বিভিন্ন জায়গার প্লাস্টার খুলে পড়তেছে, ছাদে পানি জমে ভবনের ভিতরে পানি পড়ে ভবনটি নষ্ট হয়ে যাচ্ছে। ভবনটি মেরামত ও সংস্কার করে ব্যবহার উপযোগী করা হলে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের মালামাল রাখাসহ উপজেলা পর্যায়ে প্রাপ্ত বিভিন্ন উপকরণ, যেমন ত্রাণ সামগ্রী, কৃষি সহায়তা উপকরণ সংরক্ষণের জন্য গোডাউন হিসেবেও ব্যবহার করা যাবে। উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটি (পুরাতন) মেরামত, সংস্কার ও রংকরণের প্রয়োজন।<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের দোতলা ভবনের নীচতলার চারপাশে পানি জমে থাকে এবং বেশী বৃষ্টিপাত হলে অফিস প্রবেশ মুখে অনেক পানি জমে থাকে। পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় দুর্গন্ধ ছড়াচ্ছে ও মশার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে, জরুরী ভিত্তিতে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। তিনি সভায় আরও জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দপ্তরের টয়লেট প্যান, হাই কোমড, টয়লেটের দরজা, অফিস কক্ষের দরজা জানালাসহ টুকিটাকি মেরামত ও ভবনটি রংকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ০৩টি প্রকল্প কাজ ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদের রাজস্ব তহিবলের বাসা বাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, দিনাজপুর<br><br>০২। উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |
| ২৫ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর সাজা সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখার জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানদের অনুরোধ জানান। | চেয়ারম্যান, সকল ইউপি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর সাজা সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখবেন। | সংশ্লিষ্ট সকল |

২৬

উপজেলা পরিষদ চত্বরের বাসা-বাড়ীর বিভিন্ন মেরামত, আপ্যায়ন ও অন্যান্য দ্রব্য ক্রয় বাবদ খরচের ব্যয় বিবরণী ভূতাপেক্ষ অনুমোদনের নিমিত্ত নিম্নোক্তভাবে দাখিল করা হয়;

| | |
|---|---|
| মো: নাদির হোসেন, আনসার, এর জুলাই ২০২৫ মাসের মজুরী বিল | ১৫,০০০/- |
| মো: আতাউর রহমান, মালী এর জুলাই, ২০২৫ মাসের মজুরী বিল | ১৫,৪০০/- |
| শ্রী নয়ন চন্দ্র বর্মন, পরিচ্ছন্নতা কর্মী এর জুলাই, ২০২৫ মাসের মজুরী বিল | ১৫,৪০০/- |
| উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের জুলাই, ২০২৫ মাসের বিদ্যুৎ বিল | ১৬,৭৭১/- |
| জুলাই, ২০২৫ মাসের জীপ গাড়ীর জ্বালানী বিল | ২৭,০৫৫/- |

উপরোক্ত ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৮.২০২৫

(মোঃ ইসাহাক আলী)
প্রশাসক
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৭৮২৪২৪



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৫২.০০২.২০২৫- ১১১৪/১

তারিখ : ৩০ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। প্রশাসক, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান............................................... ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭। উপজেলা ................................................ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর। (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)

১৪/০৮/২০২৫
(মোঃ ইসহাক আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর
ফোন- ০২৫৮৮৮৭৮২৪২৪
ই-মেইলঃ fulbariuno@gmail.com



CamScanner